কৃপণ ও দানশীল ব্যক্তির উদাহরণ এমন দু’ব্যক্তির ন্যায়, যারা বুক থেকে উভয় কণ্ঠাস্থি পর্যন্ত আঁটসাঁটভাবে লৌহ বর্ম পরিহিত।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “কৃপন ও দানশীল ব্যক্তির উদাহরণ এমন দুব্যক্তির ন্যায়, যারা বুক থেকে কণ্ঠাস্থি পর্যন্ত আঁটসাঁটভাবে লৌহ বর্ম পরিহিত। দানশীল ব্যক্তি যখন দান
করতে ইচ্ছা করে, তখন বর্মটি তার শরীরের চামড়ার উপর প্রসারিত হয় এবং এতই বড় হয় যে তা হাতের আঙ্গুলের মাথাগুলো পর্যন্ত ঢেকে দেয় এবং তার দাগ মুছে দেয়। আর কৃপণ ব্যক্তি
যখন দান করতে ইচ্ছা করে তখন বর্মের কড়াগুলো পরস্পর লেগে গিয়ে তার স্থানকে আঁকড়ে ধরে রাখে, সে সেগুলোকে প্রশস্ত করতে চায় কিন্তু তা আর প্রশস্ত হয় না।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কৃপন ও দানশীল ব্যক্তির উদাহরণ পেশ করেছেন। তাদের উদাহরণ হলো এমন দুব্যক্তির ন্যায়, যারা লৌহ বর্ম পরিহিত। বর্ম দু’টি এতো আঁটসাঁট যে, তাদের উভয়ের হাত কব্জায় আবদ্ধ রয়েছে। দানশীল ব্যক্তি যখন দান করতে ইচ্ছা করে, তখন বর্মটি তার শরীরের উপর প্রসারিত হয়, এমনকি তা তার পদচিহ্ন মুছে ফেলে। আর কৃপণ ব্যক্তি যখন দান করতে ইচ্ছা করে তখন বর্মের কড়াগুলো পরস্পর গলে গিয়ে তার শরীরকে আঁকড়ে ধরে এবং তার উভয় হাত কণ্ঠের সাথে লেগে যায়। সে হাত দু’টিকে প্রসারিত করতে চেষ্টা করে; কিন্তু প্রসারিত করতে পারে না।

https://sunnah.global/hadeeth/bn/show/5834